নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
Natore Palli Bidyut Samity-1
ফুলবাগান, নাটোর-৬৪০০।

ফোনঃ পিএবিএক্স ০৭৭১-৬৬৯৫৮, সরাসরি-৬৬৮৭৫
E-Mail: natorepbs1@gmail.com
Web Address: www.pbs1.natore.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৯৬৩.৫১২.০২.০০৮.২৩. ৩০২৫

তারিখঃ ২৭ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ

"লাইন টেকনিশিয়ান পদে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত নিয়মিত লাইনম্যান গ্রেড-১ যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ মোতাবেক পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন, তাঁদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	লাইন টেকনিশিয়ান•	(ক) এসএসসি বা সমমান পাস (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে চাকুরীকাল কমপক্ষে ১০ বছর হতে হবে। (খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে। (ঘ) পবিস বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ জ্ঞান থাকতে হবে। (ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে। (চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে। (ছ) লাইনক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার সক্ষমতা থাকতে হবে। (জ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে জ্ঞান থাকতে হবে। (ঝ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এ বর্ণিত শর্তসমূহ পূরণ হতে হবে।

শর্তাবলীঃ

০১। আবেদনকরীগণ'কে খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) লাইনম্যান গ্রেড-১ পদে যোগদান ও নিয়মিতকরনের তারিখ উল্লেখপূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র নিয়ে আগামী ২২/০৭/২০২৩ খ্রি. রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, ফুলবাগান, নাটোর এ সশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সহকারী জেনারেল ম্যানেজার (এডমিন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- (ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- (খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি।
- (গ) বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি।
- (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি।
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- (চ) বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিতকরণপত্রের ফটোকপি
- (ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (মূল ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে)।
- (জ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ, অনাপত্তির সনদপত্র এবং প্রার্থী বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড এবং ০১ (এক) বৎসরের মধ্যে লঘু দন্ডে দন্ডিত হননি; ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বৎসরের মধ্যে একাধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে।

(চলমান পৃষ্ঠা-০২)

০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না।

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

০৪। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় অব্যাহতি গ্রহণকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৫। পদোন্নতির ক্ষেত্রে কোনো জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকা অর্থাৎ নাটোর জেলার নাটোর সদর (আংশিক), বাগাতিপাড়া (আংশিক), নলডাঙ্গা, সিংড়া এবং রাজশাহী জেলার পুঠিয়া ও বাগমারা উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৬। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্তসম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে (যদি থাকে) উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৮। পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৯। কোনো প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হলে এবং তদন্তপূর্বক তা প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। যেকোনো আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যেকোনো বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। নির্বাহী পরিচালক,বাপবিবো,ঢাকা ।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ/কেঃঅঃ/পূঃঅঃ/দঃঅঃ/পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা ।
০৭। ডিজিএম (সদর-কারিগরী ও সিংড়া/পুঠিয়া/বাগমারা জোনাল অফিস), নাটোর পবিস-১।
০৮। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি-১/২), নাটোর পবিস-১।
০৯। এজিএম, নলডাঙ্গা/বাগাতিপাড়া/হাটগাঙ্গোপাড়া সাব-জোনাল অফিস, নাটোর পবিস-১।
১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs1.natore.gov.bd), নাটোর পবিস-১।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), নাটোর পবিস-১। (পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১২। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ এমদাদুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার